মাহিন সরকারের বাড়িতে পেট্রোল বোমা হামলার অভিযোগ



ছবি: সংগৃহীত

সিরাজগঞ্জের বেলকুচিতে জাতীয় নাগরিক পার্টির (এনসিপি) সহযোগী সংগঠন জাতীয় স্বেচ্ছাসেবক শক্তির আহ্বায়ক মো. মাহিন সরকারের গ্রামের বাড়ির প্রবেশগেটে আগুন দেওয়ার অভিযোগ উঠেছে। বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের সাবেক এই সমন্বয়ক অভিযোগ করেন, বাড়ি লক্ষ্য করে পেট্রোল বোমা ছোড়া হয়েছে।

বৃহস্পতিবার (১৯ নভেম্বর) রাত সাড়ে ৯টার দিকে বেলকুচি উপজেলার শেরনগর গ্রামে এ ঘটনা ঘটে। আগুনে বাড়ির প্রবেশগেট পুড়তে শুরু করলে স্থানীয় বাসিন্দারা এগিয়ে এসে তা নিভিয়ে ফেলেন।

ঘটনার সময় মাহিন সরকার ঢাকায় ছিলেন। বাড়িতে তার অসুস্থ বাবা-মা অবস্থান করছিলেন। মাহিনের ভাষ্য, পেট্রোল বোমাটি বাড়ির ভেতরে নিক্ষেপের চেষ্টা করা হয়েছিল। তবে সেটি দেয়ালে আঘাত করে প্রবেশগেটে পড়ায় সেখানে আগুন ধরে যায়।

এ ঘটনার পেছনে কার্যক্রম নিষিদ্ধ আওয়ামী লীগের নেতাকর্মীরা জড়িত বলে অভিযোগ করেছেন মাহিন সরকার। তিনি জানান, বিভিন্ন অনলাইন মাধ্যমসহ নানা উপায়ে আগে থেকেই তাকে হুমকি দেওয়া হচ্ছিল। ওই হুমকির ধারাবাহিকতায় বাড়িতে এ ঘটনা ঘটানো হয়েছে বলে তিনি মনে করছেন।

মাহিন সরকার বলেন, বিষয়টি জানিয়ে বেলকুচি থানার ভারপ্রাপ্ত কর্মকর্তার (ওসি) সঙ্গে কথা বলেছেন তিনি। ঘটনাস্থলে পুলিশ পাঠানোর আশ্বাস দিয়েছেন ওসি।

এ বিষয়ে বেলকুচি থানার ওসি মো. মোক্তারুজ্জামানের সঙ্গে মুঠোফোনে একাধিকবার যোগাযোগের চেষ্টা করা হলেও তিনি সাড়া দেননি। এ কারণে পুলিশের বক্তব্য জানা সম্ভব হয়নি।